



তারিখ: ০৩.০৯.২০২৫ খ্রি.

**২০২৪ সালের অনার্স ২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ
সংশোধিত বিজ্ঞপ্তি:**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে অনলাইন আবেদনকৃত ফরম ডাউনলোড করে “ই-শিক্ষার” মাধ্যমে টাকা জমাদান পূর্বক নিম্নবর্ণিত সময়সূচি অনুসারে নিজ নিজ বিভাগে জমা দিতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ২য় বর্ষ পরীক্ষা বিষয়ক ওয়েবসাইট:
(<http://ems.nu.ac.bd/student login>)

০১। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ❖ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল শিক্ষার্থী যারা ২০২৩ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

উল্লেখ্য যে, যেসকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেছে শুধুমাত্র তারাই টাকা জমাদানপূর্বক প্রিন্টকৃত ফরম বিভাগে জমা দিবে। উক্ত শিক্ষার্থী ব্যতীত কেউ টাকা জমা দিলে ফরম পূরণ সম্পন্ন হবে না এবং টাকা জমাদান সংক্রান্ত বিষয়ে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ❖ ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২২ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে “C” বা “D” গ্রেড পেয়েছে শুধু তারাই ২০২৪ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষার দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ০২ টি কোর্সে এবং “F” গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ❖ ২০২৩ সালের অনার্স ২য় বর্ষে যেসকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে ঐসকল শিক্ষার্থী শুধুমাত্র “C” বা “D” গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে (সর্বোচ্চ ২ টি কোর্সে) গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ❖ যে সকল শিক্ষার্থী ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে “F” গ্রেড রয়েছে তারা ২০২৪ সালের পরীক্ষায় “F” গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশগ্রহণ করতে পারবে।

- ❖ সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম “D” গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- ❖ ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব শিক্ষার্থী C-Promoted হয়েছে তাদেরকে অনুপস্থিত পড়ে ২০২৪ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করতে হবে।
- ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে “F” গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
- ❖ ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

২। পাঠ্যসূচিঃ

- ❖ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৩। আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ

- শিক্ষার্থীকে নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://ems.nu.ac.bd/student login>) থেকে আবেদন ফরম ও সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) যথাযথভাবে পূরণ করে তা ডাউনলোড করে যথাস্থানে স্বাক্ষর ও তারিখ দিয়ে স্ব স্ব বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ জমা দিবে।
- আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃক নিশ্চায়নের পূর্বে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম ডাউনলোড করতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি এবং নির্ধারিত ফি জমাদানের (ই-শিক্ষার মাধ্যমে) স্লিপ জমা দিতে হবে।
- অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন কার্ডের সাথে পূর্ববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করে বিভাগে জমা দিতে হবে
- আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (এক) কপি ছবি (পিছনে রেজি নম্বর লিখে) সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

বিঃদ্রঃ সর্তকর্তার সাথে বিষয় কোড নির্বাচন করতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিভিন্ন ফি প্রদান সংক্রান্ত নির্দেশনা

ক) অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু যে সকল নিয়মিত এবং অনিয়মিত শিক্ষার্থী তাদের ২য় বর্ষের কলেজ সেশন ফি ও অভ্যন্তরীণ পরীক্ষার ফি জমা দেয়নি তাদের প্রথমে নিম্নোক্ত ছক অনুযায়ী সেশন ফি এবং অভ্যন্তরীণ পরীক্ষার ফি সোনালী-ই সেবার মাধ্যমে জমা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলোঃ

২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় ফি (টাকায়):

অনার্স বিষয়	মোট প্রদেয় ফি:	
	মুসলিম পরীক্ষার্থী	অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী
বাংলা, দর্শন	৩১৬৫	৩১৭০
ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি	৩১০৫	৩১১০

পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা মনোবিজ্ঞান, গণিত	৩১৪৫	৩১৫০
পরিসংখ্যান	৩০৮৫	৩০৯০

সেশন ফি প্রদানের পদ্ধতি

শিক্ষার্থীরা <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের “National University Fees” মেন্যু থেকে “Session Fee” বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য (Year-2nd, Session/exam-2024, Registration Number) প্রদান করে সেশন ফি পরিশোধ করবে। সেশন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থী সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত সকল শিক্ষার্থীকে “সোনালী ই-সেবা (Sonali eSheba)” এর মাধ্যমে অবশ্যই টাকা জমা দিবে এবং ফরম পূরণের সময় পেমেন্ট স্লিপ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

বি. দ্র. সোনালী-ই সেবার মাধ্যমে সেশন ফি প্রদানের স্লিপ ফরম পূরণের সময় জমা দিতে হবে।

খ) অনার্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের নিম্নোক্ত হুক অনুযায়ী ফরম পূরণ ফি ই-শিক্ষার মাধ্যমে জমা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলো:

ফরম পূরণ ফি প্রদানের পদ্ধতি	
১। ক) নিয়মিত/অনিয়মিত (সকল পত্র) শিক্ষার্থীরা সরাসরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত টাকা HON'S রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে জমা দিয়ে মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরমপূরণের ওয়েবসাইট http://mccollege.eshiksaems.com - এ গিয়ে User Name: mcstudent ও Password: mcstudent দিয়ে Login করে Pay slip প্রিন্ট করতে হবে।	
খ) অনিয়মিত, মানোন্নয়ন/প্রোড উন্নয়ন (এক বা একাধিক কোর্স) পরীক্ষার্থীরা মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরম পূরণের ওয়েবসাইট http://mccollege.eshiksaems.com - এ গিয়ে User Name: mcstudent ও Password: mcstudent দিয়ে Login করে Improvement Form Fillup এ ক্লিক করতে হবে। এরপর HON'S রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View charge and course detail ক্লিক করে বিষয় সিলেক্ট করে Submit করলে টাকার পরিমাণসহ ফরম পূরণের ফরম আসবে। এরপর শিক্ষার্থীরা বিকাশ/রকেট/সোনালী সেবা-এ নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর মোবাইল নম্বরে কলেজ রেজিস্ট্রেশনসহ ফরম পূরণের SMS আসবে। এরপর Receipts Print অপশনে গিয়ে Pay slip প্রিন্ট করতে হবে।	

২০২৪ সালের অনার্স ২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় ফি (টাকায়):

অনার্স বিষয়		জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি	জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত				মোট প্রদেয় ফি:
			কেন্দ্র ফি	ব্যবস্থাপনা ফি	ইনকোর্স ফি	ব্যবহারিক কেন্দ্র ফি	
ইংরেজি		২২৫০	৬০০	৫০	২৫০	০	৩১৫০
বাংলা, ইতিহাস, ইস.ইতিহাস, দর্শন রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি		২৬০০	৬০০	৫০	২৫০	০	৩৫০০
পদার্থবিদ্যা	(রসায়ন গ্রুপ)	৩২০০	৬০০	৫০	২৫০	৫০০	৪৬০০
	(পরিসংখ্যান গ্রুপ)	৩৩০০	৬০০	৫০	২৫০	৫০০	৪৭০০
রসায়ন		৩৩০০	৬০০	৫০	২৫০	৭৫০	৪৯৫০
উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা		৩২০০	৬০০	৫০	২৫০	৫০০	৪৬০০
মনোবিজ্ঞান		২৯৫০	৬০০	৫০	২৫০	২৫০	৪১০০
পরিসংখ্যান		৩৫৫০	৬০০	৫০	২৫০	৭৫০	৫২০০
গণিত	(পদার্থ, রসায়ন গ্রুপ)	৩২০০	৬০০	৫০	২৫০	৫০০	৪৬০০
	(রসায়ন, পরিসংখ্যান গ্রুপ)	৩৩০০	৬০০	৫০	২৫০	৫০০	৪৭০০
	(পদার্থ, পরিসংখ্যান গ্রুপ)	৩৩০০	৬০০	৫০	২৫০	৫০০	৪৭০০

বি.দ্র: যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের পরীক্ষার ফরম পূরণ করেনি বা পরীক্ষা দিয়ে অকৃতকার্য হয়েছে তাদের ক্ষেত্রে পুনঃভর্তি সাপেক্ষে ফরম পূরণ করতে হবে।

২০২৪ সালের অনার্স ২য় বর্ষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রদেয় ফি:

পত্র সংখ্যা	জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি	মোট ফি
এক পত্র	$৩৫০ \times ০১ = ৩৫০ + ৬০০ + ৬০০ + ৫০$	১৬০০/-
দুই পত্র	$৩৫০ \times ২ = ৭০০ + ৬০০ + ৬০০ + ৫০$	১৯৫০/-
তিন পত্র	$৩৫০ \times ৩ = ১০৫০ + ৬০০ + ৬০০ + ৫০$	২৩০০/-
চার পত্র	$৩৫০ \times ৪ = ১৪০০ + ৬০০ + ৬০০ + ৫০$	২৬৫০/-
পাঁচ পত্র	$৩৫০ \times ৫ = ১৭৫০ + ৬০০ + ৬০০ + ৫০$	৩০০০/-

** C-Promoted শিক্ষার্থী অন্যান্য ফি এর সাথে বিশেষ অর্ন্তভুক্তি ফি ১,৫০০/- জমা দিতে হবে।

** ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে “F” গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য)

শিক্ষার্থীরা সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফি এর সাথে কলেজ প্রদেয় ফি ৬৫০/- সহ মোট ৬,৬৫০/- টাকা জমা দিতে হবে।


**কোন পরীক্ষার্থীর অর্ধপত্র থাকলে প্রতি অর্ধপত্রের জন্য ২৫০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।

অনার্স বিষয় (সকল)	পূরণকৃত ফরম জমা দানের তারিখ (সকাল ১১.০০ টা- অপরাহ্ন ২.০০ টা)	পূরণকৃত ফরম বিভাগ নিশ্চায়ন করে বিভাগে সংরক্ষণের তারিখ
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, রসায়নবিদ্যা, পরিসংখ্যান, মনোবিজ্ঞান, গণিত	নিয়মিত/অনিয়মিত ও মানোন্নয়ন (সকল) পরীক্ষার্থী ০৭.০৯.২০২৫ হতে ১৮.০৯.২০২৫	বিবরণী ও অন্যান্য কাগজপত্র ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংরক্ষণ করবেন।
পরীক্ষার্থীরা নির্ধারিত সময়ে টাকা জমাদান পূর্বক অনলাইনে ডাউনলোডকৃত ফরম নিজ নিজ বিভাগে যথাসময়ে জমা না দিলে ফরম পূরণে জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ি থাকবে না।		


বিভাগ সমূহের জন্য নির্দেশনা:

- প্রত্যেক বিভাগীয় প্রধানকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ও কলেজের প্রদেয় ফিসহ মোট টাকা আদায়ের পরিমাণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ফরম পূরণকৃত শিক্ষার্থী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম গ্রহণ করবেন।
- বিভাগ সমূহ নির্ধারিত সময়ের মধ্যে ফরম নিশ্চায়নের জন্য অনুরোধ করা হলো।

উপর্যুক্ত নির্দেশাবলী এবং বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক সঠিকভাবে আবেদন ফরম পূরণ কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট


০৩/০৯/২০২৫

আহবায়ক

অনার্স ২য় বর্ষ পরীক্ষা কমিটি-২০২৪

মুরারিচাঁদ কলেজ, সিলেট